

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি, আগারগাঁও, শেরেবাংলা  
নগর, ঢাকা-১২০৭  
www.nanl.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০১৫.২৫.০০১.১৮.৭

তারিখ: ২২ মাঘ ১৪২৯

০৫ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: “এ্যাডভান্সড আরকাইভাল রেকর্ড ম্যানেজমেন্ট কোর্স (১২তম ব্যাচ)” শীর্ষক প্রশিক্ষণে প্রতিনিধি মনোনয়ন প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরভুক্ত বাংলাদেশ জাতীয় আরকাইভস ‘বাংলাদেশ জাতীয় আরকাইভস আইন, ২০২১’ অনুযায়ী সরকারি রেকর্ড/নথিপত্র সংগ্রহ, শ্রেণিকরণ, সংরক্ষণ, ব্যবস্থাপনা এবং তথ্যসেবা দিয়ে থাকে। বাংলাদেশ জাতীয় আরকাইভসে সংরক্ষিত এসব নথিপত্র নথিসৃষ্টিকারী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা থেকে সংগ্রহ করা হয়। নথিসৃষ্টিকারী কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধিকল্পে আগামী ২৬ ফেব্রুয়ারি-০২ মার্চ/২০২৩ তারিখ পর্যন্ত ০৫ দিনব্যাপী ‘এ্যাডভান্সড আরকাইভাল রেকর্ড ম্যানেজমেন্ট (১২তম ব্যাচ)’ শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণার্থীদের সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ ভাতা, দুপুরের আহার ও প্রশিক্ষণ উপকরণ প্রদান করা হবে।

২। এমতাবস্থায়, আপনার মন্ত্রণালয়/বিভাগে কর্মরত প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তাদের মধ্য হতে (পূর্বে এ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেননি) এক বা একাধিক কর্মকর্তাকে আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ জানানো হলো। উক্ত প্রশিক্ষণে প্রতিনিধি মনোনয়ন নিম্নবর্ণিত ছক অনুযায়ী ইনথি/ইমেইল tani.nlb@gmail.com/ ফ্যাক্সযোগে/পত্রের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	প্রশিক্ষণার্থীর নাম ও পদবী	ফোন ও মোবাইল নম্বর	ইমেইল

প্রশিক্ষণ সংক্রান্ত যে কোনো প্রয়োজনে: বেগম তাহমিনা আক্তার, উপপরিচালক (আরকাইভস)

ফোন নম্বর : ০২-৮১৮১২২২৭, মোবাইল নম্বর : ০১৯১১-৫০৩১৩২

সংযুক্তি : প্রশিক্ষণ কোর্স আউটলাইন।

৯-২-২০২৩

শাহনাজ সামাদ

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৮১৮১৬৮৩

ফ্যাক্স: ৮১৮১৬৮২

ইমেইল: dg@nanl.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)